

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
www.mohfw.gov.bd

বিষয়: ২০১৬ সালের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন


সভা: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসার ও যুগ্মসচিব (প্রশাসন) এর সভাপতিত্বে ইনোভেশন টিমের মোট ০৮ (আট)টি সভা অনুষ্ঠিত হয়। সভাসমূহে অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন অফিসারগণকেও আমন্ত্রণ জানানো হয় এবং তাঁরা যথারীতি সভাসমূহে অংশগ্রহণও করেছেন। মাঠ পর্যায়ের মোট ৩৬ (ছত্রিশ)টি ইনোভেশন পাইলট উদ্যোক্তাদের নিয়ে মন্ত্রণালয়ে একটি এবং সার্ভিস ইনোভেশন ফান্ড (এসআইএফ) ভূক্ত ০৮ (আট) জন উদ্যোক্তাকে নিয়ে মন্ত্রণালয়ে আলাদাভাবে আরেকটি সভা অনুষ্ঠিত হয়।

মেন্টরিং: ইনোভেশন পাইলটসমূহ মেন্টরিং এর জন্য মন্ত্রণালয়ের ০৮ (আট) জন কর্মকর্তাকে নিয়োগক্রমে অফিস আদেশ জারি করা হয়।

প্রশিক্ষণ: ০২ (দুই)টি ব্যাচে মোট ৪৪ (চুয়াল্লিশ) জন কর্মকর্তাকে বিয়াম ফাউন্ডেশন মিলনায়তন, ঢাকায় এটুআই এর কারিগরি সহযোগিতায় ০২ (দুই) দিনব্যাপি উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

স্বীকৃতি: মাঠ পর্যায়ের ইনোভেশন পাইলটের ১৪ (চৌদ্দ) জন উদ্যোক্তাকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসার ও যুগ্মসচিব (প্রশাসন) স্বাক্ষরিত ধন্যবাদপত্র প্রেরণ করা হয়েছে।

সোশ্যাল মিডিয়া: মন্ত্রণালয়ের নিজস্ব ফেসবুকে ইনোভেশন সম্পৃক্ত বিষয়াদি প্রকাশ করা হয় এবং মন্ত্রণালয়ের নিজস্ব ওয়েবসাইটের হোম পেজে ইনোভেশন কর্নার রয়েছে।


০৮ ০২ ২০১৬